দিনাজপুর বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ▶

গ্রাফিকস্ আর্ট
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ ও ব্যাংক জমা	৪৫,০০০	
অফিস সরঞ্জাম	১,১৮,০০০	
সাপ্লাইজ	৫৫,০০০	
অফিস সরঞ্জাম বিক্রয়জনিত ক্ষতি	২,০০০	
উপযোগ খরচ	১৩,০০০	
অফিস খরচ	৮,০০০	
প্রদেয় নোট		৩০,০০০
মূলধন		১,১২,৫০০
সেবা আয়		৯৭,৪০০
ভাড়া আয়		৫০০
সুদ আয়		৬০০
	২,৪১,০০০	২,৪১,০০০

সমন্বয় তথ্য: ১. ব্যক্তিগত খরচ ১,২০০ টাকা অফিস খরচের অন্তর্ভুক্ত আছে। ২. সাপ্লাইজের সমাপনী উদ্বৃত্ত ৩২,৫০০ টাকা। ৩. ১-১০-২০১৫ তারিখে ২০,০০০ টাকার একটি নতুন কম্পিউটার ক্রয় করা হয়েছে, যা হিসাবে অন্তর্ভুক্ত হয়নি। ৪. অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য করো।

ক. অফিস সরঞ্জামের অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী তৈরি করো। ৪

গ. বছর শেষে গ্রাফিকস্ আর্ট-এর একটি শ্রেণিবদ্ধ আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

২. ▶

ওয়াসফিয়া নাজরীন
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মজুদ পণ্য (১-১-২০১৫)	১,০০,০০০	
বিক্রয়		৪,৮৩,৪০০
প্রদেয় হিসাব		৩৫,০০০
মূলধন		১,৬৭,০০০
পুঞ্জীভূত অবচয় (যন্ত্রপাতি)		৬৫,৬০০
ক্রয়	১,৩৮,০০০	
মজুরি	৬৮,০০০	
বিক্রয় ব্যয়	৯,০০০	
কারখানার ভাড়া ও বিদ্যুৎ	৩০,০০০	
বেতন	৬৬,০০০	
অগ্রিম বিমা প্রিমিয়াম	১০,০০০	
১০% বিনিয়োগ	৩০,০০০	
যন্ত্রপাতি	১,৯০,০০০	
আসবাবপত্র	৪০,০০০	
নগদ ও ব্যাংক জমা	৫,০০০	
প্রাপ্য হিসাব	৬০,০০০	
নগর শুল্ক	৫,০০০	
	৭,৫১,০০০	৭,৫১,০০০

সমন্বয় তথ্য: ১. ডিসেম্বর মাসের বেতন বকেয়া আছে। ২. বছরের মাঝামাঝি বিনিয়োগ করা হয়েছিল। ৩. স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় ধরতে হবে। ৪. অগ্রিম বিমা প্রিমিয়ামের ৬,০০০ টাকা মেয়াদোত্তীর্ণ হয়েছে। ৫. সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা।

ক. ক্রয় ও মজুরি ব্যতীত প্রত্যক্ষ খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের মোট লাভের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩.▶জনাব মুসা ইব্রাহিম নগদ ২৮,০০০ টাকা ও ১৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায় শুরু করেন। ঐ মাসে তার নিম্নরূপ লেনদেন সংঘটিত হয়:

২০১৫

জানুয়ারি	৪	নগদে ৮,০০০ টাকার ও ধারে ২০,০০০ টাকার পণ্য ক্রয়।
"	৭	পণ্য আনয়নের গাড়ি ভাড়া পরিশোধ ৯০০ টাকা।
"	১২	নগদে ক্রয়কৃত ১,০০০ টাকার পণ্য ফেরত দেয়া হলো।
"	১৭	মামুনুলের নিকট পণ্য বিক্রয় ২৩,০০০ টাকা।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. টেবুলার ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৪. ▶ জনাব আমিনুল ইসলাম বুলবুলের হিসাব বই থেকে কিছু সংখ্যক লেনদেন নিম্নে উপস্থাপন করা হলো:

২০১৫

মে	১	নগদ উদ্বৃত্ত ২৬,৫০০ টাকা এবং ব্যাংক জমা ৯০,০০০ টাকা।
"	৪	২০,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় নগদে ক্রয় করা হলো।
"	৭	ব্যাংক থেকে উত্তোলন ৩,০০০ টাকা।
"	৯	০০৬১ নং চেক দ্বারা ১,৫০০ টাকা বিজ্ঞাপন ব্যয় বাবদ পরিশোধ করা হলো।
"	১০	রফিকের নিকট থেকে ২/১০, n/৩০ শর্তে ৮,০০০ টাকার পণ্য ক্রয়।
"	১২	আকরাম খানের পাওনা ১,৮০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১,৭৫০ টাকার চেক প্রদান। চেক নং ০০৬২।
"	১৫	দুর্জয়কে ৫% বাট্টা মঞ্জুর করে তার নিকট থেকে ২,৮৫০ টাকার চেক পাওয়া গেল।
"	১৮	রফিকের পাওনা চেক দ্বারা পরিশোধ করা হলো। চেক নং ০০৬৩।
"	২৮	বিনামূল্যে পণ্য বিতরণ করা হলো ৩০০ টাকা।

ক. ক্রয় খতিয়ান তৈরি করো। ২

খ. একটি তিনঘরা নগদান বই তৈরি করো। ৪

গ. নগদ প্রদান জাবেদা তৈরি করো। ৪

৫. ▶ নূপুর ট্রেডার্সের হিসাব বই হতে নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া গিয়েছে:

হিসাবের নাম	**টাকা**
প্রাপ্য হিসাব (১-১-২০১৫)	২১,২০০
সন্দেহজনক পাওনা সঞ্চিতি (১-১-২০১৫)	২,০০০
ধারে বিক্রয় (২০১৫)	৩০,০০০
অনাদায়ী পাওনা অবলোপন	১,২০০

নূপুর ট্রেডার্সের অনাদায়ী পাওনার জন্য প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে ভবিষ্যৎ ব্যবস্থা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনগুলোর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. অনাদায়ী পাওনা খরচ ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করো। ৪

৬. ▶ তানিশা এন্ড কোং-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তসমূহ নিম্নে দেয়া হলো:

হিসাবের নাম	টাকা
নগদ তহবিল	৯০০
ব্যাংকে জমা	১,২০০
প্রাপ্য হিসাব	১০,০০০
আসবাবপত্র	২৫,০০০
নগদ তহবিল (১-১-২০৫)	১,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০
মূলধন	৭৯,০০০
ক্রয়	৫২,০০০
অব্যবহৃত মনিহারি	৫০০
যন্ত্রপাতি	৩২,০০০
মজুরি	১৩,০০০
বিক্রয় ফেরত	১,৬০০
বেতন	১৭,০০০
শিক্ষানবিশ ভাতা	২,০০০
বিক্রয়	৮৮,৭০০
কমিশন প্রাপ্তি	২,০০০

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনসমূহের পরিমাণ কত? ২

খ. মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের জন্য একটি রেওয়ামিল তৈরি করো। ৪

৭. ▶ জনাব জুয়েল আইচ পরিচালিত 'জাদু শিক্ষালয়'-এর রেওয়ামিল নিম্নরূপ:

জাদু শিক্ষালয়
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ ও ব্যাংক জমা	৪৮,৫০০	
ইকুইপমেন্টস	৩৫,০০০	
সাপ্লাইজ	১৮,০০০	
বিনিয়োগ	১০,০০০	
মূলধন		৬৫,০০০

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
উত্তোলন	৪,০০০	
ফিস (সেবা আয়)		৭৫,৯০০
বিনিয়োগের সুদ		৪০০
বেতন	৭,০০০	
উপযোগ ব্যয়	৬,৮০০	
ভাড়া	১২,০০০	
	১,৪১,৩০০	১,৪১,৩০০

সমন্বয় তথ্যাবলি: ১. ব্যক্তিগত বিদ্যুৎ বিল ১,৮০০ টাকা উপযোগ ব্যয়ের অন্তর্ভুক্ত। ২. অনুপার্জিত ফিস ৪,০০০ টাকা ফিসের অন্তর্ভুক্ত আছে। ৩. চলতি বছরে ১২,০০০ টাকার সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে। ৪. ইকুইপমেন্টসের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।

ক. ১ ও ২নং সমন্বয় তথ্যাবলির জাবেদা দাখিলা দাও। ২

খ. কার্যপত্র প্রস্তুত করার লক্ষ্যে সমন্বিত রেওয়ামিল তৈরি করো। ৪

গ. সমাপনী জাবেদা দাখিলা দাও। ৪

৮. ▶ ভানু সিংহ ট্রেডার্স ২০১২ সালের ১ জানুয়ারি ও ২০১৪ সালের ১ জানুয়ারি যথাক্রমে ৪,৫০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা মূল্যের দুইটি মেশিন ক্রয় করে।

ক. ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০১২ ও ২০১৩ সালের অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. চার বছরের জন্য মেশিন হিসাব তৈরি করো। ৪

গ. ১০% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করে চার বছরের জন্য পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি করো। ৪

৯. ▶ জনাব তাসকিন একতরফা দাখিলা পদ্ধতি মোতাবেক হিসাব সংরক্ষণ করে থাকে। তার বই থেকে নিম্নলিখিত প্রয়োজনীয় হিসাব উদ্বৃত্তগুলো পাওয়া যায়:

হিসাবের নাম.	১-১-২০১৫ টাকা	৩১-১২-২০১৫ টাকা
নগদ	৯,০০০	১২,৫০০
ব্যাংক জমা	৭০,০০০	৬৮,০০০
মজুদ পণ্য	৫৫,০০০	৬৭,০০০
প্রাপ্য হিসাব	৬৫,০০০	৮০,০০০
প্রদেয় হিসাব	৩০,০০০	৩১,০০০
সরঞ্জাম	৪০,০০০	
৭% ঋণ (১-৭-২০১৫)		৫০,০০০

অতিরিক্ত তথ্য: ১. জনাব তাসকিন প্রতি সপ্তাহে ব্যবসায় থেকে নগদ ৭০০ টাকা

করে উত্তোলন করেন। এছাড়া তিনি মোট ৪,১০০ টাকার পণ্য উত্তোলন করেন। ২. তিনি নিজের ব্যক্তিগত মোটরসাইকেল ১,৪০,০০০ টাকায় বিক্রয় করে উহার $\frac{১}{৪}$ অংশ দিয়ে ব্যবসায়ের জন্য বছরের মাঝামাঝি সময়ে সরঞ্জাম ক্রয় করেন। ৩. ঋণের সুদ বকেয়া রয়েছে। ৪. সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে। ৫. প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট টাকার ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে।

ক. সরঞ্জামের ওপর অবচয় নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক মূলধন ২,০৯,০০০ টাকা ও সমাপনী মূলধন ২,২১,৫০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের বৈষয়িক বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. ক. অফিস সরঞ্জামের অবচয়ের পরিমাণ ১২,৩০০ টাকা। খ. নিট লাভ ৪১,৯০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৩,২০০ টাকা।

২. ক. ক্রয় ও মজুরি ব্যতিত মোট প্রত্যক্ষ খরচ ৭৪,০০০ টাকা। খ. মোট লাভ ২,০৩,৪০০ টাকা। গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য ১,০৯,৫০০ টাকা।

৩. ক. নিট ক্রয়ের পরিমাণ ২৭,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৯৫,৯০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল ৫৮,১০০ টাকা।

৪. ক. ক্রয় হিসাবের উদ্বৃত্ত ২৬,৭০০ টাকা (ডেবিট)। খ. নগদ উদ্বৃত্ত ১০,৫০০ টাকা, ব্যাংক জমার উদ্বৃত্ত ৭৮,৭৬০ টাকা, প্রদত্ত বাট্টা ১৫০ টাকা এবং প্রাপ্ত বাট্টা ২১০ টাকা। গ. নগদ প্রদান জাবেদার যোগফল ৩০,৩০০ টাকা।

৫. ক. অনাদায়ী পাওনা খরচ ১,৭০০ টাকা। খ. জাবেদার যোগফল ৩৪,৬০০ টাকা। গ. সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাবের জের ২,৫০০ টাকা।

৬. ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের মোট পরিমাণ ১,৫০০ টাকা। খ. মুনাফা জাতীয় আয় ৮৯,১০০ টাকা এবং মুনাফা জাতীয় ব্যয় ৯৯,০০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ১,৬৯,৭০০ টাকা।

৭. ক. সমন্বয় জাবেদার যোগফল ৫,৮০০ টাকা। খ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ১,৪৪,৮০০ টাকা। গ. সমাপনী জাবেদার যোগফল ১,৫০,৪০০ টাকা।

৮. ক. অবচয়ের পরিমাণ : ২০১২ – ৪৫,০০০ টাকা এবং ২০১৩ – ৪০,৫০০ টাকা। খ. মেশিন হিসাবের জের ৬,৫০,০০০ টাকা। গ. পুঞ্জীভূত অবচয় – মেশিন হিসাবের জের ২,২০,০০০ টাকা।

৯. ক. সরঞ্জামের মোট অবচয় ৫,৭৫০ টাকা। খ. নিট লাভ ২,৭০০ টাকা। গ. বৈষয়িক বিবরণীর যোগফল ২,৮৮,৯৫০ টাকা।

সময় — ৪০ মিনিট **বহুনির্বাচনি** পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. **চলতি সম্পদের মূল্যায়ন করা হয় কোন নীতি অনুযায়ী?**
ক চলমান ধারণা খ রক্ষণশীলতা
গ সামঞ্জস্যতা ঘ বস্তুনিষ্ঠতা

২. **হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কারা?**
ক আয়কর কর্তৃপক্ষ খ পাওনাদার
গ ব্যবস্থাপক ঘ ঋণদাতা

৩. **নগদে পণ্য ক্রয় করা হলে হিসাব সমীকরণে A = L + OE এর উপাদান প্রভাবিত হবে—**
i. L ii. A
iii. O.E
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৪. **কোনটি অনগদ লেনদেন?**
ক ধারে ক্রয় খ অবচয়
গ বিলের মাধ্যমে বিক্রয় ঘ চেকে ক্রয়

৫. **কার্যপত্রের নিট ক্ষতিকে কোন দিকে দেখানো হয়?**
ক আয় বিবরণীর ডেবিট ও আর্থিক অবস্থার বিবরণী ক্রেডিট
খ আয় বিবরণী ডেবিট ও আর্থিক অবস্থার বিবরণী ডেবিট
গ আয় বিবরণী ক্রেডিট ও আর্থিক অবস্থার বিবরণী ডেবিট
ঘ আয় বিবরণী ক্রেডিট ও আর্থিক অবস্থার বিবরণী ক্রেডিট

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
মাঈশা এন্ড কোং-এর ৩১ জানুয়ারি ২০১৫ তারিখের নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৭০,০০০ টাকা। ১০,০০০ টাকার একটি চেক ব্যাংকে জমা দিয়ে ভুলক্রমে নগদান বইয়ে ১,০০০ টাকা লিপিবদ্ধ করেন এবং ৫,০০০ টাকার ইস্যুকৃত চেক নগদান বইতে দু'বার লেখা হয়েছে।

৬. **মাঈশা এন্ড কোং-এর ইস্যুকৃত চেক বাবদ ব্যাংক সমন্বয় বিবরণীতে কত টাকা যোগ বা বিয়োগ করতে হবে?**
ক ৫,০০০ টাকা বিয়োগ
খ ৬,০০০ টাকা যোগ
গ ১০,০০০ টাকা বিয়োগ
ঘ ১৪,০০০ টাকা যোগ
***সঠিক উত্তর:** ৫,০০০ টাকা যোগ।

৭. **উপরোক্ত প্রতিষ্ঠানের ভুল দু'টির জন্য নগদান বই এবং ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে গরমিলের পরিমাণ কত টাকা?**
ক ৯,০০০ টাকা খ ১৪,০০০ টাকা
গ ১৫,০০০ টাকা ঘ ৬০,০০০ টাকা

৮. **বকেয়া চেক বলতে কী বোঝায়?**
ক জমাকৃত চেক প্রত্যাখ্যাত হওয়া
খ ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত না হওয়া
গ জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় না হওয়া
ঘ ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হওয়া

৯. **অনাদায়ী পাওনা সঞ্চিতি হলো—**
i. সম্ভাব্য ক্ষতি ii. ভবিষ্যৎ ব্যবস্থা
iii. প্রতি সম্পত্তি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব জাহিন একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের আর্থিক বিবরণী প্রস্তুত করার সময় দেখতে পান যে, নভেম্বর ও ডিসেম্বর মাসের বেতন বাবদ ৫,০০০ টাকা তখনো পরিশোধ করা হয় নি এবং অফিস সরবরাহ অব্যবহৃত রয়েছে ৭০০ টাকা।

১০. **হিসাববিজ্ঞানের কোন ধারণার কারণে উপরোক্ত সমন্বয় দুটি সাধন করা প্রয়োজন?**
ক মিলকরণ খ রক্ষণশীলতা
গ রাজস্ব স্বীকৃতি ঘ ঐতিহাসিক ব্যয়

১১. **উপরোক্ত সমন্বয় দু'টি সাধন করা না হলে জনাব জাহিনের ব্যবসায় লাভ কত টাকা কম বা বেশি দেখানো হবে?**
ক ৭০০ টাকা কম খ ৪,৩০০ টাকা কম
গ ৪,৩০০ টাকা বেশি ঘ ৫,৭০০ টাকা বেশি

১২. **ডেবিট মেমো ইস্যুর ফলে কী হয়?**
ক ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমে যায়
খ ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ কমে যায়
গ ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ বেড়ে যায়
ঘ বাংক উদ্বৃত্তের কোনো পরিবর্তন হয় না

১৩. **প্রারম্ভিক মজুদ পণ্য ১,০০,০০০ টাকা, সমন্বিত ক্রয় ৩,৯৬,৮০০ টাকা, বিক্রয় ৫,৬৩,৪০০ টাকা ও ক্রয় ৫,৪১,৮০০ টাকা হলে সমাপনী মজুদ পণ্যের পরিমাণ কত টাকা?**
ক ১,২১,৬০০ টাকা খ ২,৪৫,০০০ টাকা
গ ২,৬৬,৬০০ টাকা ঘ ৪,৬৩,৪০০ টাকা

১৪. **ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৩০০ টাকা ভুলে নগদান বইতে দু'বার লেখার ফলে গরমিলের পরিমাণ কত টাকা হবে?**
ক ১৫০ টাকা খ ৩০০ টাকা
গ ৬০০ টাকা ঘ ৯০০ টাকা

১৫. **লেনদেনের সত্যতা যাচাইয়ের জন্য কোনটি ব্যবহৃত হয়?**
ক স্মারকলিপি খ পরিমেল নিয়মাবলি
গ ভাউচার ঘ বিবরণপত্র

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব মাসুম একজন ব্যবসায়ী। তার ব্যবসায়ের মোট সম্পদ ৪,০০,০০০ টাকা। মূলধন ৩,০০,০০০ টাকা এবং উত্তোলনের পরিমাণ নগদ ৩০,০০০ টাকা ও পণ্য ২০,০০০ টাকা।

১৬. **ব্যবসায়ের অন্তর্দায়ের পরিমাণ কত টাকা?**
ক ১,০০,০০০ টাকা খ ২,৫০,০০০ টাকা
গ ৩,০০,০০০ টাকা ঘ ৩,৫০,০০০ টাকা

১৭. **নগদ উত্তোলনের পরিমাণ ৫০,০০০ টাকা হলে বহিঃদায়ে কী প্রভাব পড়বে?**
ক ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
খ ২০,০০০ টাকা হ্রাস পাবে
গ ৫০,০০০ টাকা বৃদ্ধি পাবে
ঘ ৫০,০০০ টাকা হ্রাস পাবে

১৮. **পুরাতন যন্ত্রপাতি বিক্রয় যন্ত্রপাতি হিসাবে ক্রেডিট করার পরিবর্তে বিক্রয় হিসাবকে ক্রেডিট করা হলে কোন ধরনের ভুল সংঘটিত হয়?**
ক নীতিগত খ পরিপূরক
গ করণিক ভুল ঘ বেদাখিলা

১৯. **মালিকানা স্বত্ব হ্রাসের সঠিক কারণ কোনটি?**
ক উত্তোলন এবং সম্পদ হ্রাস খ ব্যয় এবং দায় হ্রাস
গ ব্যয় এবং দায় বৃদ্ধি ঘ উত্তোলন এবং ব্যয় বৃদ্ধি

২০. কোনটি মূলধন জাতীয় ব্যয়ের অন্তর্ভুক্ত?
ⓚ ঋণের সুদ ⓚ মেশিন সংস্থাপন ব্যয়
ⓖ ভ্রমণ ব্যয় ⓖ মূলধনের সুদ

২১. ভবিষ্যতে সেবা প্রদানের জন্য অগ্রিম গ্রহণ করা হলে কোন হিসাবকে ক্রেডিট করতে হবে?
ⓚ অর্জিত সেবা আয় ⓚ প্রাপ্ত সেবা আয়
ⓖ অনুপার্জিত সেবা আয় ⓖ প্রাপ্য হিসাব

২২. লেনদেনের কাঠামোগত পরিবর্তন হবে—
i. নগদে সম্পদ ক্রয় করা হলে
ii. নগদে পণ্য বিক্রয় করা হলে
iii. নগদ টাকা ব্যাংক জমা দিলে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. একতরফা দাখিলা পদ্ধতিতে কীভাবে লাভ-ক্ষতি নির্ণয় করা হয়?
ⓚ মোট আয় থেকে মোট ব্যয় বাদ দেয়া হলে
ⓚ নিট আয় থেকে নিট ব্যয় বাদ দেয়া হয়
ⓖ সমাপনী মূলধন থেকে প্রারম্ভিক মূলধন বাদ দেয়া হয়
ⓖ মোট সম্পদ থেকে মোট দায় বাদ দেয়া হয়

২৪. সুনাম কোন ধরনের সম্পদ?
ⓚ চলতি সম্পদ ⓚ স্পর্শনীয় সম্পদ
ⓖ অস্পর্শনীয় সম্পদ ⓖ অলীক সম্পদ

২৫. অব্যবহৃত সাপ্লাইজ সমন্বয় করা হয়—
i. সাপ্লাইজ থেকে বাদ দিয়ে
ii. সাপ্লাইজ এর সাথে যোগ করে
iii. চলতি সম্পদ হিসাবে প্রদর্শন করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৬. হিসাবকাল শেষে কোন হিসাব বন্ধ করে দিতে হয়?
ⓚ সকল প্রকার সম্পদ হিসাব
ⓚ সকল প্রকার নামিক হিসাব
ⓖ সকল প্রকার ব্যক্তিবাচক হিসাব
ⓖ সকল প্রকার দায় হিসাব

২৭. পুরাতন আসবাবপত্র মেরামত বাবদ মজুরি প্রদান করা হলে কোন হিসাবটি ডেবিট হবে?
ⓚ মেরামত ⓚ মজুরি
ⓖ আসবাবপত্র ⓖ বিবিধ খরচ

২৮. ডেবিট নোটের সাহায্যে কী লেখা হয়?
ⓚ বিক্রয় ফেরত ⓚ ক্রয় ফেরত
ⓖ দৈনিক ক্রয় জাবেদা ⓖ দৈনিক বিক্রয় জাবেদা

২৯. ধারে ক্রয়কৃত পণ্য ফেরত দেয়ার সময় কোন দলিলটির প্রয়োজন হয়?
ⓚ ডেবিট ভাউচার ⓚ ক্রেডিট ভাউচার
ⓖ ডেবিট নোট ⓖ ক্রেডিট নোট

৩০. আধুনিক পদ্ধতিতে উত্তোলন কোন জাতীয় হিসাব?
ⓚ সম্পদ ⓚ মালিকানা স্বত্ব ⓖ ব্যয় ⓖ আয়

৩১. প্রতি বছর সমান পরিমাণ অবচয় ধার্য করার পদ্ধতির নাম কী?
ⓚ উৎপাদন পদ্ধতি ⓚ সরলরৈখিক পদ্ধতি
ⓖ ক্রমহ্রাসমান জের পদ্ধতি ⓖ বর্ষপঞ্জি পদ্ধতি

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব খাইরুল একজন খুচরা ব্যবসায়ী। তিনি নগদ লেনদেনের পাশাপাশি ধারেও পণ্য ক্রয় বিক্রয় করেন। তিনি খলিল ট্রেডার্সের নিকট ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করেন। পরবর্তীতে উক্ত পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা পাওয়া গেল যা সরাসরি ব্যাংকে জমা দেয়া হলো।

৩২. জনাব খাইরুলের জন্য প্রযোজ্য নগদান বই কোনটি?
ⓚ একঘরা ⓚ দু'ঘরা
ⓖ তিনঘরা ⓖ খুচরা

৩৩. উপরোক্ত তথ্যের ভিত্তিতে জনাব খাইরুলের বাট্টার পরিমাণ কত টাকা?
ⓚ ৫০০ ⓚ ৯,৫০০ ⓖ ১০,০০০ ⓖ ১৯,৫০০

৩৪. শ্রমিকদের মধ্যে কাজের বিনিময়ে পণ্য বিতরণের সঠিক জাবেদা কোনটি?
ⓚ বিজ্ঞাপন হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
ⓚ বিবিধ খরচ হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
ⓖ মজুরি হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
ⓖ মজুরি হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

৩৫. কোন প্রতিষ্ঠান CA ডিগ্রি প্রদান করে?
ⓚ IBA ⓚ ICAB
ⓖ ICMAB ⓖ ICSB

উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
সামিয়া ট্রেডার্স-এর ২০১৫ সালের নিট বিক্রয়ের পরিমাণ ছিল ৬,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২০% মুনাফায় পণ্য বিক্রয় করে এবং মোট মুনাফার ৩০% দ্বারা প্রতিষ্ঠানের যাবতীয় পরোক্ষ ব্যয় মিটানো হয়।

৩৬. প্রতিষ্ঠানের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?
ⓚ ৪,৮০,০০০ ⓚ ৫,০০,০০০
ⓖ ৬,০০,০০০ ⓖ ৭,২০,০০০

৩৭. প্রতিষ্ঠানের মোট মুনাফার পরিমাণ কত টাকা?
ⓚ ১,০০,০০০ ⓚ ১,২০,০০০
ⓖ ১,৫০,০০০ ⓖ ১,৮০,০০০

উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
লামিছা লি.-এর প্রতিষ্ঠানে যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধার্য করে। ২৫,০০০ টাকা পুস্তকমূল্যের একটি যন্ত্রপাতির পুঞ্জীভূত অবচয় ১৫,০০০ টাকা।

৩৮. যন্ত্রপাতির ক্রয়মূল্য কত টাকা?
ⓚ ১০,০০০ ⓚ ২৫,০০০
ⓖ ২৭,৫০০ ⓖ ৪০,০০০

৩৯. যন্ত্রটির বর্তমান বিক্রয়মূল্য ৩০,০০০ টাকা হলে কত টাকা লাভ বা ক্ষতি হবে?
ⓚ ৫,০০০ টাকা লাভ হবে
ⓚ ১০,০০০ টাকা ক্ষতি হবে
ⓖ ১৫,০০০ টাকা লাভ হবে
ⓖ ১৫,০০০ টাকা ক্ষতি হবে

৪০. রেওয়ামিলে অগ্রিম বিমা সেলামির পরিমাণ ৭,০০০ টাকা, বছর শেষে ৪,০০০ টাকার অগ্রিম রয়ে গেছে। আয় বিবরণীতে কত টাকা দেখাতে হবে?
ⓚ ৩,০০০ ⓚ ৪,০০০
ⓖ ৭,০০০ ⓖ ১০,০০০

উত্তরমালা

১	ঘ	২	গ	৩	ঘ	৪	ঘ	৫	গ	৬	*	৭	খ	৮	খ	৯	খ	১০	ক	১১	গ	১২	ঘ	১৩	খ	১৪	খ	১৫	ঘ	১৬	খ	১৭	ক	১৮	ক	১৯	ঘ	২০	ঘ
২১	গ	২২	খ	২৩	গ	২৪	গ	২৫	খ	২৬	খ	২৭	ক	২৮	খ	২৯	গ	৩০	ঘ	৩১	খ	৩২	গ	৩৩	ক	৩৪	গ	৩৫	খ	৩৬	খ	৩৭	ক	৩৮	ঘ	৩৯	ক	৪০	ক